



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ১৪ জানুয়ারি ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

রাঙামাটির জুরাছড়িতে ভূমি বেদখলে বাধাদানকারী পাঁচ পাহাড়ির ওপর শারীরিক নির্যাতনের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা জুরাছড়িতে ভূমি বেদখলে বাধা দেয়ায় একজন ইউপি মেম্বারসহ ৫ নিরীহ গ্রামবাসীর ওপর শারীরিক নির্যাতনের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

আজ ১৪ জানুয়ারি ২০২৪ রবিবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে তিনি নির্যাতনকারীদের শাস্তি এবং আহতদের চিকিৎসার খরচসহ ক্ষতিপূরণ প্রদানের দাবি জানান।

ভূমি বেদখলকারীদের বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে উল্টো প্রতিবাদকারীদের ধরে নিয়ে নির্যাতন চালানো কেবল অন্যায় নয়, তা মানবাধিকারের চরম লঙ্ঘন ও ক্ষমতার উলঙ্গ অপব্যবহার বলে সচল চাকমা মন্তব্য করেন এবং বলেন রাষ্ট্রীয় বাহিনীর এমন আচরণ মোটেই গ্রহণযোগ্য নয়।

তিনি বলেন, ‘গতকাল ১৩ জানুয়ারি কতিপয় সেটলার জুরাছড়ি স্বাস্থ্য কমপ্লেক্সের পাশে হিমায়ন চাকমার জমি বেদখলের চেষ্টা চালালে নির্যাতনের শিকার ব্যক্তিরাসহ স্থানীয়রা বাধা দেয়, যা অত্যন্ত ন্যায়সঙ্গত।

‘কিন্তু এ সময় রাষ্ট্রীয় বাহিনীর কিছু সদস্য ঘটনাস্থলে এসে ন্যায়-অন্যায় বিবেচনা না করে ভূমি বেদখলকারী সেটলারদের পক্ষাবলম্বন করে এবং জুরাছড়ি সদর ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের মেম্বার পল্লব দেওয়ান, স্থানীয় বাসিন্দা সজীব চাকমা, অনুপম চাকমা, পিন্টু চাকমা ও রনু চাকমাকে ধরে যক্ষাবাজার ক্যাম্পে নিয়ে যায়।

‘অতপর সেখানে তাদের ওপর অকথ্য শারীরিক নির্যাতন চালানোর পর ছেড়ে দেয়।’

ইউপিডিএফ নেতা ভূমি বেদখলসহ পার্বত্য চট্টগ্রামে অব্যাহত মানবাধিকার লঙ্ঘন বন্ধের দাবি জানিয়ে বলেন, সভ্য দেশে এ ধরনের পরিস্থিতি কখনই কাম্য নয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।